



পল্লী বিদ্যুতের সম্মানিত গ্রাহকবৃন্দের প্রতি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর চেয়ারম্যানের আবেদন

পল্লী বিদ্যুতের সম্মানিত গ্রাহকবৃন্দ,

আসসালামু আলাইকুম। আশা করি পরম করুণাময় আল্লাহর অশেষ রহমতে করোনা ভাইরাস প্রাদুর্ভাবের মধ্যেও আপনারা সপরিবারে ভাল আছেন। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (আরইবি) সারাদেশে ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির মাধ্যমে গ্রাম বাংলার ২ কোটি ৯০ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সেবা প্রদান করে যাচ্ছে। আশা করছি 'মুজিব বর্ষের' মধ্যেই শতভাগ মানুষ বিদ্যুৎ সুবিধা পাবেন এবং 'শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ' বাস্তবায়িত হবে। সবাই যখন করোনা ভাইরাস থেকে নিরাপদ থাকার জন্য ঘরবন্দি অবস্থায় রয়েছেন, তখন আপনাদের ঘরে ঘরে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পৌঁছে দিতে পল্লী বিদ্যুতের 'দুর্যোগে আলোর গেরিলা' কর্মীগণ নিরলস পরিশ্রম করে যাচ্ছেন।

কোন কোন সম্মানিত গ্রাহক কর্তৃক বিদ্যুৎ বিল এর উপর উত্থাপিত আপত্তি/অভিযোগ আমাদের নজরে এসেছে। আপনারা জানেন যে, করোনা ভাইরাসের সংক্রমণ হ্রাস করতে সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য সরকারি নির্দেশনা রয়েছে। অধিকাংশ এলাকা লক-ডাউন করা হয়েছে। এসব এলাকায় বাড়ি বাড়ি গিয়ে মিটার দেখে রিডিং নেওয়া গ্রাহক ও বিদ্যুৎকর্মী উভয়ের জন্যই ঝুঁকিপূর্ণ। পল্লী বিদ্যুতের অনেক কর্মচারী ইতোমধ্যে করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন। এজন্য, কিছু কিছু ক্ষেত্রে মার্চ ও এপ্রিল মাসে বাড়ি বাড়ি গিয়ে মিটার রিডিং নেওয়া সম্ভব হয়নি। এ সকল গ্রাহকের ক্ষেত্রে গত বছরের একই মাসের রিডিং এর সাথে সংগতি রেখে গড় বিল করা হয়েছে। মে মাস হতে সামাজিক দূরত্ব বজায় রেখে বাড়ি বাড়ি গিয়ে সঠিক মিটার রিডিং গ্রহণ করা হচ্ছে।

কোন সম্মানিত গ্রাহকের নিকট বিল অতিরিক্ত মনে হলে স্থানীয় পল্লী বিদ্যুৎ অফিসে যোগাযোগ করবেন। তাৎক্ষণিকভাবে তা সমন্বয় করে দেওয়া হবে। এ বিষয়ে সম্মানিত গ্রাহকবৃন্দের দৃষ্টিভঙ্গি কোন কারণ নেই। বিলজনিত সমস্যা নিরসনের জন্য পল্লী বিদ্যুৎ সমিতিসমূহকে সর্বোচ্চ আন্তরিকতা নিয়ে গ্রাহক সেবা নিশ্চিতকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। ফলে, মিটার রিডিংজনিত সমস্যা সমাধান হয়ে যাবে এবং অতিরিক্ত বিলও সমন্বয় করা হবে। পল্লী বিদ্যুৎ সমিতি থেকে যথাযথ প্রতিকার না পেলে আরইবি'র আর্থিক মনিটরিং পরিদপ্তরের পরিচালক (মোবাইল নং-০১৭১২-৫৬১৩৯৭) এর সাথে যোগাযোগ করতে অনুরোধ করছি। আপনাদের সাময়িক অসুবিধার জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত।

আবাসিক গ্রাহকগণ ফেব্রুয়ারি হতে মে মাস পর্যন্ত বিলম্ব মাশুল ছাড়া ৩০ জুন ২০২০ এর মধ্যে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন এবং শিল্প, বাণিজ্যিক, কৃষি, সিআইসহ অন্যান্য গ্রাহকগণ মার্চ হতে মে মাস পর্যন্ত বিলম্ব মাশুল ব্যতীত ৩০ জুন ২০২০ এর মধ্যে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন। আপনাদের এ সুযোগ গ্রহণের জন্য অনুরোধ করছি।

পল্লী বিদ্যুৎ একটি অলাভজনক প্রতিষ্ঠান। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি) হতে বিদ্যুৎ ক্রয় করে আপনাদেরকে নিকট সরবরাহ করা হয়। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য পিডিবি'কে নিয়মিত বিল পরিশোধ করতে হয়। আপনাদের নিকট হতে নিয়মিত বিদ্যুৎ বিল না পাওয়া গেলে পিডিবি'র বিল প্রদান ও অন্যান্য পরিচালন ব্যয় নির্বাহ করা আমাদের জন্য কঠিন হবে। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের স্বার্থে নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য আপনাদেরকে বিনীত অনুরোধ করছি।

নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের মাধ্যমে গ্রাহক সন্তুষ্টি অর্জনই আমাদের লক্ষ্য। আপনাদের সহযোগিতায় পল্লী বিদ্যুতের কর্মীরা সর্বোচ্চ আন্তরিকতা ও একাগ্রতা নিয়ে কঠোর পরিশ্রম করে যাচ্ছে। করোনা ভাইরাস থেকে মুক্ত থাকতে সামাজিক দূরত্ব বজায় রেখে বকেয়াসহ নিয়মিত বিল পরিশোধের জন্য আপনাদের প্রতি বিনীত অনুরোধ করছি। জুন মাস অর্থ বছরের শেষ মাস। তাই এ মাসের মধ্যে সকল বিল আদায় করা খুবই জরুরী। আমরা আপনাদের সহযোগিতা কামনা করছি। সকলের প্রতি পবিত্র ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা রইল।

শ্রদ্ধান্তে,

স্বাক্ষরিত/-
মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ)
চেয়ারম্যান